গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
টিভি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৪.২২.০০৩.১৫-৭৯০

তারিখ: ১১ ভাদ্র ১৪৩২
২৬ আগস্ট ২০২৫

**বিষয়ঃ বাংলাদেশ টেলিভিশনের নতুন কুঁড়ি-২০২৫ প্রতিযোগিতার সফল বাস্তবায়নে অংশীজনদের সমন্বয়ে সভা আয়োজন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দীর্ঘদিন পর বাংলাদেশ টেলিভিশনের সিগনেচার প্রোগ্রাম নতুন কুঁড়ি-২০২৫ শুরু হয়েছে। এ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব মোঃ মাহফুজ আলম ১৯ আগস্ট ২০২৫ তারিখে নতুন কুঁড়ি-২০২৫-এর আনুষ্ঠানিক সূচনা করেছেন। 'নতুন কুঁড়ি' প্রতিযোগিতার বাছাই প্রক্রিয়া আঞ্চলিক, বিভাগীয় ও চূড়ান্ত (ঢাকা) পর্বে বিভক্ত যার প্রথম দুটি পর্বের (আঞ্চলিক ও বিভাগীয়) সফল বাস্তবায়নে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের আন্তরিক সহযোগিতা ও কর্মপ্রয়াস প্রয়োজন। আঞ্চলিক পর্ব দিয়ে প্রতিযোগিতা শুরু হবে যা ১৯টি অঞ্চলে অনুষ্ঠিত হবে (**কপি সংযুক্ত**)। প্রতিযোগিতায় শিশু-কিশোরদের অংশগ্রহণে ভূমিকা রাখা, ব্যাপক প্রচার প্রচারণা, অডিশনের জন্য জেলা শিল্পকলা একাডেমি/উপযুক্ত ভেন্যু নির্বাচন, অডিশন চলাকালীন পর্যবেক্ষক হিসেবে প্রতিনিধি মনোনয়ন, অডিশন কার্যে সম্পৃক্ত কর্মকর্তা/বিচারক ও পরিদর্শনকারী দলের আবাসনের ব্যবস্থা গ্রহণ, অডিশন চলাকালীন আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, ভেন্যুস্থলে স্কাউট/গার্লস গাইড নিয়োগ, বিটিভির কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সহায়তা প্রদানসহ পর্বসমূহের সফল বাস্তবায়নে বিভাগীয় প্রশাসন/জেলা প্রশাসনের কার্যকর ভূমিকা ও সার্বিক সহযোগিতা আবশ্যক। ইতোমধ্যে 'নতুন কুঁড়ি' প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতার জন্য এ মন্ত্রণালয় কর্তৃক আধা-সরকারি পত্র বিভাগীয় কমিশনার (সকল) ও জেলা প্রশাসক (সকল) বরাবর প্রেরণ করা হয়েছে। এ প্রতিযোগিতা আয়োজনে আঞ্চলিক ও বিভাগীয় পর্যায়ে সংশ্লিষ্ট অংশীজনদের (প্রাথমিক বিদ্যালয়/হাইস্কুলের প্রধান শিক্ষকগণ, সাংস্কৃতিক সংগঠনের প্রধানগণ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সাংবাদিকবৃন্দ, কর্মকর্তা ও সুশীল সমাজ) নিয়ে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ কর্তৃক পৃথক সভা আয়োজন করা প্রয়োজন। বিশেষভাবে যে উনিশটি জেলায় আঞ্চলিক পর্ব অনুষ্ঠিত হবে তাদের পৃথক কর্মপরিকল্পনা সামগ্রিক আয়োজনকে সুষ্ঠু ও সুন্দর করতে সহায়ক হবে। উল্লেখ্য, প্রতিযোগিতার দিনগুলোতে মন্ত্রণালয় পর্যায়ের প্রতিনিধি/ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সহযোগিতা করবেন।

০২। এমতাবস্থায় 'নতুন কুঁড়ি'-২০২৫ প্রতিযোগিতার কার্যকর ও সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী (হার্ডকপি ও সফ্টকপি)-সহ এ মন্ত্রণালয়কে জরুরিভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। **বিষয়টি অতীব জরুরি।**

**সংযুক্তি: আবেদন সংক্রান্ত তথ্যাবলি-০৩ (তিন) পাতা।**

**ই-মেইল:** tv2@moi.gov.bd

২৬/০৮/২৫
মুহাম্মদ শরিফুল হক
উপসচিব
ফোন: ২২৩৩৫১১৩৫
ই-মেইল: tv2@moi.gov.bd

১. বিভাগীয় কমিশনার (সকল)
২. জেলা প্রশাসক (সকল)

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):-**

১. অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা;
৩. উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৪. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য];
৫. অফিস কপি; এবং
৬. মাস্টার কপি।

# নতুন কুঁড়ি-২০২৫

## আবেদনপত্র পূরণসহ বিস্তারিত তথ্য

বাংলাদেশ টেলিভিশন

১. প্রতিযোগিতার বিষয়ভিত্তিক বিভাগ:

| ক্র. নং | বিভাগের নাম | বিষয়ের নাম |
|---|---|---|
| ক. | অভিনয় বিভাগ | ১.অভিনয়<br>২.আবৃত্তি<br>৩.গল্পবলা/ কৌতুক |
| খ. | নৃত্য বিভাগ | ৪.সাধারণ নৃত্য/উচ্চাঙ্গ নৃত্য |
| গ. | সঙ্গীত বিভাগ | ৫.দেশাত্ববোধক গান/আধুনিক গান<br>৬.নজরুল সঙ্গীত<br>৭.রবীন্দ্র সঙ্গীত<br>৮.লোক সঙ্গীত<br>৯.হামদ-না'ত |

২. শাখা:

'ক' শাখা: বয়স সীমা ৬- ১১ বছরের নিম্নে (ছেলে-মেয়ে উভয়)

'খ' শাখা: বয়স সীমা ১১ - ১৫ বছর পর্যন্ত (ছেলে-মেয়ে উভয়)

৩. সময় সূচি:

| ক্র. নং | বিষয় | সময় |
|---|---|---|
| ১. | আবেদন গ্রহণ | ১৫ আগস্ট ২০২৫ থেকে ০৫ সেপ্টেম্বর ২০২৫ |
| ২. | আঞ্চলিক বাছাই (১৯ টি অঞ্চল) | ১১ সেপ্টেম্বর ২০২৫ থেকে ২০ সেপ্টেম্বর ২০২৫ |
| ৩. | বিভাগীয় বাছাই (৮ টি বিভাগ) | ২৩ সেপ্টেম্বর ২০২৫ থেকে ২৮ সেপ্টেম্বর ২০২৫ |
| ৪. | চূড়ান্ত বাছাই (ঢাকা পর্ব) | ০২ অক্টোবর ২০২৫ থেকে ২১ অক্টোবর ২০২৫ |
| ৫. | সেরা দশ (ঢাকা পর্ব) | ২৩ অক্টোবর ২০২৫ থেকে ২৮ অক্টোবর ২০২৫ |
| ৬. | গ্রুমিং (ঢাকা পর্ব) | ২৯ অক্টোবর ২০২৫ থেকে ৩১ অক্টোবর ২০২৫ |
| ৭. | ফাইনাল (ঢাকা পর্ব) | ০২ নভেম্বর ২০২৫ থেকে ০৬ নভেম্বর ২০২৫ |
| ৮. | পুরস্কার বিতরণী | তারিখ নির্ধারিত হওয়ার পর যথাসময়ে অবগত করা হবে। |

[অনিবার্য কারণে তারিখ/সময়সূচি পরিবর্তনযোগ্য]

৪. আবেদন/ রেজিস্ট্রেশন প্রক্রিয়া:

১. অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রতিযোগীরা বিটিভির ওয়েবসাইট www.btv.gov.bd এ প্রবেশ করে নতুন কুঁড়ি ব্লকে গিয়ে Google Form যথাযথভাবে পূরণ করে বিনামূল্যে অনলাইনে আবেদন সাবমিট করতে পারবে।

২. এছাড়া, বিটিভির ওয়েবসাইট থেকে ম্যানুয়্যাল আবেদন ফরম ডাউনলোডপূর্বক নির্ধারিত কাগজপত্র সংযুক্ত করে notunkuribtv@gmail.com ই-মেইলে কিংবা রেজিস্ট্রি ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে 'নতুন কুঁড়ি', বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯ বরাবর নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যে আবেদন প্রেরণ করতে পারবে।

৩. আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্ধারিত স্থানে নাম ও তারিখ লিখে প্রতিযোগীর জন্মসনদ, সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং পিতা অথবা মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত/আপলোড করতে হবে।

৪. ইতোমধ্যে প্রাপ্ত আবেদনগুলি পরীক্ষান্তে অনেক আবেদনকারী প্রদত্ত মোবাইল নম্বর WhatsApp ব্যবহারকারী না হওয়ায় WhatsApp এর পরিবর্তে সকল আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে রেজিস্ট্রেশন নম্বর পাঠানো হবে।

৫. কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন না পৌছালে কিংবা কারো SMS প্রাপ্তিতে ত্রুটি দেখা গেলে সংশ্লিষ্ট আবেদনকারী/আবেদনকারীরা স্পট রেজিস্ট্রেশন করে অডিশনে অংশ নিতে পারবে।

৬. প্রত্যেক প্রতিযোগীকে অডিশনের সময় অডিশন (আঞ্চলিক/বিভাগীয়/ঢাকা পর্ব অডিশন) স্থানে ০১ (এক) কপি পার্সপোর্ট সাইজের ছবি ও জন্ম নিবন্ধন সনদ/সনদের কপিসহ উপস্থিত হতে হবে।

৭. একজন প্রতিযোগী সর্বোচ্চ ৩ টি বিষয়ে আবেদন করতে পারবে।

৮. আবেদনকারীরা Google Form অথবা ম্যানুয়্যাল ফরমের যেকোন একটি পদ্ধতি অনুসরণ করে আবেদন করতে হবে। একাধিক পদ্ধতিতে আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

***** ঢাকা (চূড়ান্ত বাছাই, সেরা দশ, ফাইনাল) পর্বে অংশগ্রহণের জন্য প্রত্যেক প্রতিযোগী ১ জন অনুগামী/সঙ্গীসহ বিধি মোতাবেক সম্মানী ভাতা প্রাপ্ত হবেন।**

**৫. বাছাই প্রক্রিয়া:**

**১. আঞ্চলিক পর্যায়ে বাছাই প্রক্রিয়া:**

ক.দেশের ৬৪ জেলাকে ১৯ টি অঞ্চলে বিভক্ত করে ১৯ টি অডিশন কমিটির মাধ্যমে ১১ সেপ্টেম্বর ২০২৫ তারিখ থেকে ২০ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত প্রাথমিক বাছাই সম্পন্ন হবে।

খ. বিচারকমন্ডলী (০৩ জন) হতে 'Yes Card' প্রাপ্ত প্রতিযোগীগণ বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য নির্বাচিত হবে।

**২. বিভাগীয় পর্যায়ে বাছাই:**

ক. দেশের ০৮ টি বিভাগে ০৮ টি বিভাগীয় অডিশন কমিটির মাধ্যমে ২৩ সেপ্টেম্বর ২০২৫ থেকে ২৮ সেপ্টেম্বর তারিখ পর্যন্ত বিভাগীয় বাছাই সম্পন্ন হবে।

খ. প্রতিযোগিতার বিভাগ ভিত্তিক নির্ধারিত বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে ০৮টি বিভাগ থেকে প্রতি শাখার প্রতিটি বিষয়ে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ০৫ জন করে মোট ৭২০ জন (৫জন×৮বিভাগ×৯বিষয়×২শাখা) প্রতিযোগী পরবর্তী বাছাই পর্বে অংশগ্রহণ করবে।

**৩. ঢাকা পর্ব:** বিভাগীয় পর্যায়ের উত্তীর্ণ প্রতিযোগীরা ঢাকা কেন্দ্রে নিম্নের ধাপগুলোতে প্রতিযোগিতা করবে:

**চূড়ান্ত বাছাই:**

ক. বিভাগীয় পর্যায়ে প্রতি শাখায় ৩৬০ জন করে মোট ৭২০ জন প্রতিযোগী চূড়ান্ত বাছাইয়ে অংশগ্রহণ করবে।

খ. প্রতিযোগিতার বিষয়/বিভাগ ভিত্তিক বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতি বিষয় থেকে সর্বোচ্চ ১০ জন করে মোট ১৮০ জন (১০জন×৯বিষয়×২শাখা) প্রতিযোগী সেরা দশ এ অংশগ্রহণ করবে।

**সেরা দশ:**

ক. চূড়ান্ত বাছাইয়ে প্রতি শাখায় প্রতি বিষয়ে উত্তীর্ণ মোট ১৮০ জন প্রতিযোগী সেরা দশ এ অংশগ্রহণ করবে।

খ. প্রতিযোগিতার বিষয়/বিভাগ ভিত্তিক বিচারকমন্ডলী কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতি বিষয় থেকে সর্বোচ্চ ০৫ জন করে মোট ৯০ জন (৫জন×৯বিষয়×২শাখা) প্রতিযোগী গ্রুমিং ও ফাইনালে অংশগ্রহণ করবে।

**গ্রুমিং:**

সেরা দশ এ উত্তীর্ণ মোট ৯০ জন প্রতিযোগী ২৯ অক্টোবর ২০২৫ থেকে ৩১ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত ঢাকা কেন্দ্রে গ্রুমিং এ অংশগ্রহণ করবে। স্টিয়ারিং কমিটি প্রতিযোগীদের গ্রুমিং এর জন্য একটি বিশেষজ্ঞ প্যানেল তৈরী করবে।

**ফাইনাল:**

ক. গ্রুমিং এ অংশগ্রহণকারী প্রতি শাখায় ৪৫ জন করে মোট ৯০ জন প্রতিযোগী ফাইনালে অংশগ্রহণ করবে।

খ. বিষয়ভিত্তিক নির্ধারিত বিচারকমন্ডলী (০৩ জন) কর্তৃক প্রদত্ত মোট নম্বরের ভিত্তিতে প্রতি শাখায় প্রতি বিষয়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্ধারণ করা হবে। এছাড়াও একাধিক বিষয়ে বিচারকমন্ডলীর প্রদত্ত নম্বরের ভিত্তিতে প্রতি শাখায় একজন করে মোট দুইজন শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচিত হবে।

**৪. পুরস্কার বিতরণী:**

প্রতিটি শাখায় প্রতি বিষয় থেকে প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং দুই শাখার শ্রেষ্ঠ শিশু শিল্পী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণ করবে এবং পুরস্কার গ্রহণ করবে।

**৬. পুরস্কার:** (অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে)

১. ফাইনালে অংশগ্রহণকারী প্রতি শাখার প্রতি বিষয়ে ০৫ জন প্রতিযোগীর প্রত্যেকেই সার্টিফিকেট প্রাপ্ত হবে।

২. প্রতি বিষয়ের তৃতীয় স্থান অর্জনকারীকে নগদ ৫০ হাজার টাকা করে পুরস্কার প্রদান করা হবে।

৩. প্রতি বিষয়ের দ্বিতীয় স্থান অর্জনকারীকে নগদ ১ লক্ষ টাকা করে পুরস্কার প্রদান করা হবে।

৪. প্রতি বিষয়ের প্রথম স্থান অর্জনকারীকে নগদ ২ লক্ষ টাকা করে পুরস্কার প্রদান করা হবে।

৫. প্রতি শাখার (ক ও খ শাখা) একজন করে বিভিন্ন বিষয়ে মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২ জন প্রতিযোগীর প্রত্যেককে শ্রেষ্ঠ শিশু শিল্পী হিসেবে নগদ ৩ লক্ষ টাকা, ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হবে।

**৭. আঞ্চলিক বাছাই অঞ্চলের নামের তালিকা:**

| ক্র. নং | অঞ্চলের নাম | ভেন্যু |
|---|---|---|
| ১. | ঢাকা-১ (ঢাকা, গাজীপুর ও মানিকগঞ্জ) | ঢাকা শিল্পকলা একাডেমি |
| ২. | ঢাকা-২ (মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ ও নরসিংদী) | |
| ৩. | ঢাকা-৩ (ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর) | ফরিদপুর শিল্পকলা একাডেমি |
| ৪. | ময়মনসিংহ -১ (ময়মনসিংহ, শেরপুর ও নেত্রকোনা) | ময়মনসিংহ শিল্পকলা একাডেমি |
| ৫. | ময়মনসিংহ -২ (টাঙ্গাইল, কিশোরগঞ্জ ও জামালপুর) | |
| ৬. | সিলেট (সিলেট, মৌলভিবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ) | সিলেট শিল্পকলা একাডেমি |
| ৭. | রংপুর-১ (রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ও গাইবান্ধা) | রংপুর শিল্পকলা একাডেমি |
| ৮. | রংপুর-২ (দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়) | দিনাজপুর শিল্পকলা একাডেমি |

| | | |
|---|---|---|
| ৯. | রাজশাহী-১ (রাজশাহী, নাটোর, চাপাইনবাবগঞ্জ ও পাবনা) | রাজশাহী শিল্পকলা একাডেমি |
| ১০. | রাজশাহী-২ (বগুড়া, জয়পুরহাট, নওগা ও সিরাজগঞ্জ) | বগুড়া শিল্পকলা একাডেমি |
| ১১. | খুলনা-১ (খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা) | খুলনা শিল্পকলা একাডেমি |
| ১২. | খুলনা-২ (যশোর, ঝিনাইদহ, মাগুরা ও নড়াইল) | যশোর শিল্পকলা একাডেমি |
| ১৩. | খুলনা-৩ (কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা) | কুষ্টিয়া শিল্পকলা একাডেমি |
| ১৪. | বরিশাল-১ (বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর) | বরিশাল শিল্পকলা একাডেমি |
| ১৫. | বরিশাল-২ (পটুয়াখালি, বরগুনা ও ভোলা) | |
| ১৬. | চট্টগ্রাম-১ (চট্টগ্রাম ও কক্সবাজার) | চট্টগ্রাম শিল্পকলা একাডেমি |
| ১৭. | চট্টগ্রাম-২ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) | রাঙ্গামাটি শিল্পকলা একাডেমি |
| ১৮. | চট্টগ্রাম-৩ (কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া) | কুমিল্লা শিল্পকলা একাডেমি |
| ১৯. | চট্টগ্রাম-৪ (নোয়াখালী, লক্ষ্মীপুর ও ফেনী) | নোয়াখালী শিল্পকলা একাডেমি |

**৮. বিভাগীয় বাছাই অঞ্চলের নামের তালিকা:**
বিভাগীয় পর্যায়ের বাছাই প্রত্যেক বিভাগের বিভাগীয় জেলা শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হবে।

৯. অনিবার্য কারণে ভেন্যু পরিবর্তন হতে পারে, তবে তা যথাসময়ে অবহিত করা হবে।

১০.'নতুন কুঁড়ি' সংক্রান্ত যেকোন তথ্য জানতে notunkuribtv@gmail.com ই-মেইলে যোগাযোগ করুন।

নতুন কুঁড়ি

মোহাম্মদ রোকন উদ্দিন
যুগ্মসচিব
উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ টেলিভিশন
ও
সমন্বয়কারী
'নতুন কুঁড়ি' সেল